



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩৪.১৫-৩৫০

তারিখ:

১৫ জ্যৈষ্ঠ ১৪২৯

২৯ মে ২০২২


বিষয়: চট্টগ্রাম সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে অক্সিজেন মোড়-কে “গাউছুল আজম মাইজভান্ডারী চত্তর” এবং
এয়ারপোর্ট রোড ও ভি.আই.পি রোড-কে “জননেত্রী শেখ হাসিনা সড়ক” নামকরণ প্রসংগে।

সূত্র: (ক) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা: ৪৬.১১.১৬০০.০০৮.০২.০৩৩.১৮-৩৮১, তারিখ: ১৬ মার্চ ২০২২।
(খ) পরিকল্পনা বিভাগের পত্র সংখ্যা: ২০.৮০৪.০০৬.০০.০০.০০৯.২০১০-১৭৫, তারিখ: ১৩ নভেম্বর ২০১১।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন হতে প্রেরিত প্রস্তাবমতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে অবস্থিত অক্সিজেন মোড়-কে “গাউছুল আজম মাইজভান্ডারী চত্তর” নামকরণে নির্দেশক্রমে এ বিভাগের সম্মতি/অনুমোদন প্রদান করা হলো।

২। গত ০৪ অক্টোবর ২০১১ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক নির্বাহী কমিটি’র (একনেক) সভার সিদ্ধান্ত অনুযায়ী বঙ্গবন্ধু কিংবা তাঁর পরিবারের নামে কোন ধরনের কার্যক্রম গ্রহণের পূর্বে “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট” এর অধীন ট্রাস্টি বোর্ড এর অনুমোদন নিতে হবে”। কিন্তু চট্টগ্রাম সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে অবস্থিত এয়ারপোর্ট রোড (সল্টগোলা থেকে এয়ারপোর্টের প্রবেশ মুখ পর্যন্ত) ও ভি.আই.পি রোড (এয়ারপোর্টের প্রবেশ মুখ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের মুখ পর্যন্ত) কে “জননেত্রী শেখ হাসিনা সড়ক” নামকরণের প্রস্তাবটির সাথে বর্ণিত ট্রাস্টি বোর্ডের অনুমোদনের প্রমাণক প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে এয়ারপোর্ট রোড ও ভিআইপি রোড-কে “জননেত্রী শেখ হাসিনা সড়ক” নামকরণের সুবিধার্থে ‘জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট’ এর অধীন ট্রাস্টি বোর্ড এর অনুমোদনের কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোহাম্মদ জাহিরুল ইসলাম
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মাননীয় মন্ত্রী’র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।